

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
 প্রবাসী কল্যাণ ভবন  
 ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইঙ্গল্টন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
 কর্মসংস্থান শাখা-০২  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০২.০০৬.০০.০০.২২৫.২০১০/(অংশ-২)- ১১১৮

তারিখ: ০৬ মে ২০১৯ খ্রি।

বিষয়: রিক্রুটিং লাইসেন্স মঞ্চুরী।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স নাজ এসোসিয়েটস (আরএল-২৩৪) এর স্বত্ত্বাধিকারী জনাব মোঃ নজরুল ইসলাম মৃত্যুবরণ করায় বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ১৭(২) অনুযায়ী বর্ণিত লাইসেন্সের আরএল নম্বর অপরিবর্তিত রেখে তাঁর স্ত্রী সৈয়দা আমেনা খাতুন এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নতুন রিক্রুটিং লাইসেন্স মঞ্চুরী সংক্রান্ত বিএমইটি'র প্রস্তাব সরকার অনুমোদন করেছে:

ক্রম	আবেদনকারী এজেন্সির নাম	লাইসেন্স/প্রতিষ্ঠানের ধরন
১.	মেসার্স নাজ এসোসিয়েটস (আরএল-২৩৪)	ব্যক্তিমালিকানাধীন

শর্তাবলী:-

- ক) নতুন ধার্যকৃত ফি অনুসারে লাইসেন্স প্রদান করতে হবে;
- খ) সংশ্লিষ্ট লাইসেন্স প্রহণকারীকে ০৩(তিনি) মাসের মধ্যে অবশ্যই একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান খুলতে হবে/প্রশিক্ষণ সুবিধা থাকতে হবে;
- গ) নির্বাচিত বাংলাদেশি কর্মীদের বিদেশে প্রেরণের পূর্বে অবশ্যই প্রশিক্ষিত করতে হবে;
- ঘ) লাইসেন্স সংক্রান্ত সকল ফি ও জামানত পত্র জারীর ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে অবশ্যই জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি এবং জামানত জমাকরণে ব্যর্থ হলে কোনরূপ নেটিশ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদানের অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ঙ) লাইসেন্স ইস্যুর পূর্বে হালনাগাদ পুলিশ প্রত্যয়নপত্র, ব্যাংক সনদ/স্টেটমেন্ট, আয়কর প্রত্যয়নপত্র এবং আনুষঙ্গিক বিষয়সমূহ বিএমইটি কর্তৃক যাচাই ও নিশ্চিত করতে হবে;
- চ) রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে সরকার কর্তৃক প্রণীতব্য সকল আইন/অধ্যাদেশ/বিধি/ আদেশ/পরিপত্র/সার্কুলার মেনে চলতে হবে।

০২। এমতাবস্থায়, উপরোক্ষিত রিক্রুটিং এজেন্সির অনুকূলে নতুন রিক্রুটিং লাইসেন্স ইস্যু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
 (মোহাম্মদ শাহীন) মোহাম্মদ  
 উপসচিব

ফোন-৮১০৩০২৫২

ইমেইল: [sasemployment2@probashi.gov.bd](mailto:sasemployment2@probashi.gov.bd)

মহাপরিচালক

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱো

৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

নং-৪৯.০০২.০০৬.০০.০০.২২৫.২০১০/(অংশ-২)-

তারিখ: ০৬ মে ২০১৯ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সহকারী প্রোগ্রামার (আইসিটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [প্রত্রিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ্য]।
৪. ফুলসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. স্বত্ত্বাধিকারী, মেসার্স নাজ এসোসিয়েটস (আরএল-২৩৪), হাউজ নং-৪৭, রোড নং-২৭, ব্রক-এ, বনানী, ঢাকা-১২১৩।
৬. অফিস কপি।

(মোহাম্মদ শাহীন)

উপসচিব